

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.২৪৮.০৬.- ২৪৬

তারিখঃ- ১৩/০৬/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ কিস্তি ও ঋণ খেলাপী আদায় প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত নবসৃষ্ট উপজেলার এপ্রিল/১৬ মাসের ঋণের মাসিক প্রতিবেদন পর্যবেক্ষণে দেখা যায়, উপজেলাগুলোতে প্রতি মাসে আদায়যোগ্য টাকার একটি অংশ কিস্তি ও ঋণখেলাপীতে যুক্ত হচ্ছে। নবসৃষ্ট উপজেলাসমূহে ঋণ কার্যক্রমের শুরুতেই আদায়যোগ্য টাকা কিস্তি খেলাপীতে যুক্ত হওয়ায় ধরে নেয়া যায় ঋণী নির্বাচনে ত্রুটি রয়েছে অর্থাৎ প্রকৃত আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে অগ্রহী এমন প্রশিক্ষিত যুবকে ঋণ প্রদান করা হয়নি এবং সংশ্লিষ্ট জনবলের আদায় তদারকিতে যথেষ্ট শিথিলতা রয়েছে, যা ঋণ কার্যক্রমের জন্য হুমকিস্বরূপ। এই কিস্তি খেলাপীর টাকা আদায়ে তৎপর এবং দায়িত্ববান না হলে অচিরেই তা ঋণ খেলাপীতে যুক্ত হয়ে বড় অংকের ঋণ খেলাপী সৃষ্টির সম্ভাবনা রয়েছে। নবসৃষ্ট উপজেলাসমূহে কিস্তি ও ঋণ খেলাপী কোনভাবেই কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না। যা কার্যক্রম সম্প্রসারণ ও ঋণ তহবিল বরাদ্দ প্রদানকালে কর্তৃপক্ষ স্পষ্টভাবে বিভিন্ন নির্দেশনায় সংশ্লিষ্টদের সতর্ক করেছেন।

আত্মকর্মসংস্থান কর্মসূচিঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

নং	জেলা	নবসৃষ্ট খেলাপী উপজেলার নাম	বিতরণ ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত	জুন/২০১৫		বিতরণ (২০১৫-১৬ অর্থবছরের এপ্রিল/১৬ পর্যন্ত)	এপ্রিল/২০১৬		ব্যবধান	
				কিস্তি খেলাপী	ঋণ খেলাপী		কিস্তি খেলাপী	ঋণ খেলাপী	কিস্তি খেলাপী	ঋণ খেলাপী
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	
১	মৌলভীবাজার	জুড়ী	১৭.১৩	০.১৮	০.০০	৪.৪৪	০.৪৮	০.৯৯	০.৩০	০.৯৯
২	কুমিল্লা	মনোহরগঞ্জ	৩৬.৭০	০.৯৮	১.৭২	১৫.০৫	০.৭০	১.১২	-০.২৮	-০.৬০
৩	পিরোজপুর	জিয়ানগর	২০.৫৪	০.০৩	০.০০	৪.৫০	০.১২	০.১৩	০.০৯	০.১৩
৪	নোয়াখালী	সুবর্ণচর	৭.২০	০.০০	০.০০	২.৮০	০.২০	০.০০	০.২০	০.০০
৫	ফরিদপুর	সালথা	১৭.০৩	০.০০	০.০০	১২.২৫	০.০৮	০.০০	০.০৮	০.০০
৬	বাজবাড়ী	কালুখালী	১৫.৩৪	০.১৫	০.০০	৪.০০	০.০০	০.১১	-০.১৫	০.১১

বর্ণিত অবস্থায়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সি,এসদেরকে আগামী ৩০/০৬/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বিবেচ্য সময় পর্যন্ত কিস্তি ও ঋণ খেলাপীর শতভাগ আদায় নিশ্চিত করতে বলা হলো। নির্ধারিত সময়ের মধ্যে কিস্তি ও ঋণ খেলাপী শতভাগ আদায়ে ব্যর্থতার দায়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে সুপারিশ করা হবে।


১৩/৬/২০১৬
(ফারিহা নিশাত)

সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)

ফোন : ৯৫৬৭৭২১।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর

----- উপজেলা


----- জেলা :

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.২৪৮.০৬.- ২৪৬

তারিখঃ- ১৩/০৬/২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- জেলা। তাঁকে সংশ্লিষ্ট উপজেলার উল্লিখিত খেলাপী আদায়ে কি পদক্ষেপ নেয়া হয়েছে তা আগামী ৩০/০৬/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে জানাতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং ঋণ গ্রহীতা নির্বাচন এবং ঋণ বিতরণ প্রক্রিয়ায় নির্ধারিত শর্তগুলো যথাযথ বিশ্লেষণ ও বিবেচনায় নেয়া হয়েছিল কিনা তা যাচাইপূর্বক প্রতিবেদনে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ০২। সহকারী পরিচালক, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। অফিস কপি/গার্ড নথি।


১৩/৬/২০১৬
(ফারিহা নিশাত)

সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)